নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science & Technology University
ফোন (PABX): ১৪৮০; ১৪৮১
ইমেইল: ash@office.nstu.edu.bd

প্রভোস্ট দপ্তর
ভাষা শহীদ আবদুস সালাম হল

স্মারক নং-নোবিপ্রবি/এএসএইচ/২০২৬/২৫৮ তারিখঃ ২৯ জুলাই ২০২৬

# নিলাম বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রকৃত ব্যবসায়ী/ক্রয় প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ আবদুস সালাম হলের পরিত্যক্ত, অকেজো ও ভাঙাচোরা বা সমজাতীয় মালামাল (যেমন: পুরাতন লোহা, প্লাস্টিক, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স সামগ্রী, মেটাল এবং ক্যাটারিং/রান্নাঘরের বিভিয় দ্রব্যাদি) প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ০৪-০৮-২০২৬ তারিখ সকাল ১১:০০ টায় ভাষা শহীদ আবদুস সালাম হল প্রাঙ্গণে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হচ্ছে।

**শর্তাবলী:**

১. নিলাম/ডাকে অংশগ্রহণ করার জন্য প্রত্যেক ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে তাদের নিজস্ব প্যাড/ভাউচার নিয়ে আসতে হবে।
২. নিলাম/ডাকে অংশগ্রহণের পূর্বে প্রতি দরদাতাকে জামানত হিসেবে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিতে হবে।
৩. নিলাম/ডাকে অংশগ্রহণের পূর্বে হলের পরিত্যক্ত মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৪. সর্বোচ্চ দর/ডাক প্রদানকারীকে উদ্ধৃত দর/মূল্যের সাথে সরকারি বিধি মোতাবেক অতিরিক্ত ১৫% ভ্যাট (VAT) ও ৫% আয়কর (Tax) বাধ্যতামূলক পরিশোধ করতে হবে, এটি বিবেচনায় নিয়ে নিলাম কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের উপরে দাম প্রস্তাব করতে হবে।
৫. সর্বোচ্চ দর প্রদানকারী কর্তৃক ডাক/দাম প্রদানের পর আর কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং সর্বোচ্চ দর/ডাক প্রদানকারীকে মালামাল ক্রয়ের জন্য চূড়ান্ত অনুমতি দেওয়া হবে।
৬. ক্রেতাকে (সর্বোচ্চ দর দাতাকে) নির্ধারিত সময়ের (নিলামের তারিখ হতে ০৩ কার্য দিবস) মধ্যে সম্পূর্ণ অর্থ হলের ব্যাংক হিসাব নাম্বারে জমা সাপেক্ষে মালামাল গ্রহণের অনুমতি প্রদান করা হবে। অন্যথায় জামানতের ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাজেয়াপ্ত করাসহ বিক্রয় চুক্তি বাতিল করা হবে।
৭. নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে ক্রেতাকে নিজ খরচে নির্দিষ্ট কার্যদিবসের মধ্যে হল প্রাঙ্গন থেকে মালামাল সরাতে হবে এবং সম্পূর্ণ হল প্রাঙ্গণ পরিষ্কার করে দিতে হবে।
৮. সকল বিষয়ে কর্তৃপক্ষের (হল প্রশাসন/নিলাম কমিটি) সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

29/07/26
মোঃ ফরিদ দেওয়ান
আহ্বায়ক, নিলাম বিক্রয় কমিটি
ও প্রভোস্ট, ভাষা শহীদ আবদুস সালাম হল

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. পরিচালক, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. পরিচালক (ভারপ্রাপ্ত), হিসাব শাখা, নোবিপ্রবি।
৩. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৫. প্রক্টর, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৬. সকল সদস্য, নিলাম বিক্রয় কমিটি।
৭. সকল নোটিশ বোর্ড, নোবিপ্রবি।
৮. নথি/সংরক্ষণ নথি।

29.07.26
নাছির আহমেদ
সদস্য-সচিব, নিলাম বিক্রয় কমিটি
ও সেকশন অফিসার, ভাষাশহীদ আবদুস সালাম হল